দৈনিক ইনকিলাব

তারিখ .. 07 FEB 1993
পৃষ্ঠা ... ১ ...... কলাম .. ৭ ...

## কৃষি বিশ্ববিদ্যালয়ে উত্তেজনা কমেনি পরীক্ষাও হয়নি

॥ কৃষি বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

৬ ফেব্রুয়ারী।— ছাত্র দলের দু'গ্রুপের বন্দুকযুদ্ধে একজন ছাত্র নিহত হওয়ার পর উত্তেজনা কমেনি এবং কোন পরীক্ষাও হয়নি। ফলে, সর্বত্র অচলাবস্থা ও সন্ত্রস্ত ভাব পরিলক্ষিত হচ্ছে।

গত ২৩ জানুয়ারীতে সম্মুখ সংঘর্ষে ছাত্র নেতা

২-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## কৃষি বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

সবুজ নিহত হয়। ছাত্র দল বাকৃবি শাখার সভাপতি ও বাকসু'র জিএস চঞ্চল গ্রুপ ক্যাম্পাসের বাইরে অবস্থান করছে। জাপানে অবস্থানরত ভিপি কামাল গ্রুপের বর্তমানে নেতৃত্ব দিচ্ছেন বাকসু'র এজিএস জাহাঙ্গীর ও ক্রীড়া সম্পাদক মুকুল। বিশ্ববিদ্যালয় নিরাপত্তা কর্মকর্তা উভয় গ্রুপের ১৮ জনকে আসামী করে কোতোয়ালী থানায় মামলা করেছে। সংঘর্ষের দিন এবং গত বৃহস্পতিবার রাতে সোহরাওয়ার্দী ও শামসুল হক হলে পুলিশী তল্লাশি চললেও কোন অস্ত্র উদ্ধার করতে পারেনি। সার্বক্ষণিক পুলিশ মোতায়েন রয়েছে।

জানা যায়, গত বৃহস্পতিবার চঞ্চল গ্রুপের শামসুল হক হলের ভিপি তোফা, বার্ষিকী সম্পাদক হেলালসহ কয়েকজন হলে উঠলে অপর গ্রুপ বাধা দেয়। এতে উত্তেজনা সৃষ্টি হয়। উভয় গ্রুপের বেশকিছু নেতা ক্যাম্পাসের বাইরে নিরাপদ স্থানে অবস্থান করছেন। পরীক্ষা হচ্ছে না। এমতাবস্থায় ভোগান্তি পোহাচ্ছে পরীক্ষার্থীরা।